# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
Bangladesh Water Development Board

তত্ত্বাবধায়ক প্রকৌশলীর দপ্তর
কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল
পানি ভবন, ব্লক-জি, লেভেল-৬,
৭২ গ্রীনরোড, ঢাকা-১২১৫
ফোন ঃ ০২২২২২৩০০১৫
ই-মেইলঃ director_cpc@yahoo.com

Office of the Superintending Engineer
Contract & Procurement Cell
Pani Bhaban, Block-G, Level-6
72 Green Road, Dhaka-1215
Phone: 02222230015
E-mail: dir.cpc@ bwdb.gov.bd

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৫.২২.০০২.১৯-১০৭ তারিখঃ ০৯/০৫/২০২১ খ্রিঃ

## সার্কুলার

**বিষয়ঃ সিপিটিইউ এর নির্দেশনা মোতাবেক বাপাউবো'তে e-GP সিস্টেমে e-CMS (Electronic Contract Management System) বাস্তবায়ন প্রসঙ্গে।**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকার কর্তৃক অনুমোদিত e-GP Guidelines-2011 অনুসারে সরকারি ক্রয় কার্যক্রমে স্বচ্ছতা, জবাবদিহিতা ও গতিশীলতা আনয়নের লক্ষ্যে গত ২০১২-২০১৩ অর্থবছর হতে বাপাউবো'তে e-GP সিস্টেমে দরপত্র আহ্বান ও NoA প্রদান করা হচ্ছে। e-GP সিস্টেমে প্রধানত e-Tender এবং e-CMS **(Electronic Contract Management System)** দুটি ধাপ রয়েছে। প্রথম ধাপ e-Tender এর মাধ্যমে বাপাউবো'তে সকল দরপত্র আহ্বান করা হলেও চুক্তি ব্যবস্থাপনায় e-CMS এখন পর্যন্ত ব্যবহৃত হয়নি। আগামী ২০২১-২০২২ অর্থবছরে পাইলট ভিত্তিক চুক্তি ব্যবস্থাপনায় e-CMS ব্যবহার করার বিষয়ে সিপিটিইউ এর বিশেষ নির্দেশনা রয়েছে। এমতাবস্থায়, বাপাউবো'র মাঠ পর্যায়ের ০৯টি জোনের প্রতিটি জোনের যে কোন ০২টি পওর বিভাগে ০১টি করে প্যাকেজে আগামী ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী ভুক্ত (ADP) দরপত্র আহ্বানের জন্য নির্ধারিত প্যাকেজসমূহে চুক্তি ব্যবস্থাপনায় e-CMS ব্যবহার করার বিষয়ে নির্দেশনা প্রদান করা হলো। সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলী, মহোদয়গণ-কে তাঁহার জোনের আওতাধীন ০২টি পওর বিভাগ নির্বাচন করত যে ০২টি প্যাকেজে চুক্তি ব্যবস্থাপনায় e-CMS ব্যবহার করা হবে এ সংক্রান্ত তথ্য অত্র দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। এখানে উল্লেখ্য, বর্তমানে কেবলমাত্র STD: e-PW3 তে e-CMS ব্যবহার করা যাবে।

০২। মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাঃ
(মোঃ আবু বক্কর সিদ্দিক)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল
বাপাউবো, ঢাকা।

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৫.২২.০০২.১৯-১০৭ তারিখঃ ০৯/০৫/২০২১ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১. অতিরিক্ত মহাপরিচালক, পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা/প্রশাসন/অর্থ, বাপাউবো, ঢাকা।
২. প্রধান প্রকৌশলী (সকল)------------------ বাপাউবো।
৩. প্রকল্প পরিচালক (সকল).........................বাপাউবো।
৪. তত্ত্বাবধায়ক প্রকৌশলী/পরিচালক (সকল)------------------বাপাউবো।
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (সার্কুলারটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য)
৬. নির্বাহী প্রকৌশলী (সকল)----------------------বাপাউবো, ঢাকা।
৭. সি এস ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৮. দপ্তর কপি।

০৯/০৫/২০২১
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল
বাপাউবো, ঢাকা।